

দায়িত্ব শীল দের দৈনিক

দেশ রূপান্তর

Publish Date: October 26, 2025

এআইইউবিতে ১০ম সিজেন কনফারেন্স অনুষ্ঠিত

দেশ রূপান্তর অনলাইন

প্রকাশ : ২৬ অক্টোবর ২০২৫, ০৬:৫৫ পিএম আপডেট : ২৬ অক্টোবর ২০২৫, ০৬:৫৫ পিএম



সৌজন্য ছবি

আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশের (এআইইউবি) মিডিয়া অ্যান্ড মাস কমিউনিকেশন (এমএমসি) বিভাগ আয়োজিত “১০ম কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম অ্যাডুকেটরস নেটওয়ার্ক” (সিজেন) কনফারেন্স ২০২৫’ ২৪ থেকে ২৫ অক্টোবর এআইইউবি ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে।

ডিডেলিউ একাডেমির সহযোগিতায় আয়োজিত এই দুই দিনব্যাপী সম্মেলনে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মিডিয়া শিক্ষাবিদ, গণমাধ্যম পেশাজীবী ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। সম্মেলনের মূল প্রতিপাদ্য ছিল ‘মিডিয়া ট্রান্সফর্মেশন: বাংলাদেশ অ্যাট এ ক্রসরোডস’।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এআইইউবি'র প্রতিষ্ঠাতা সদস্য ড. হাসানুল এ. হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিডিথিট একাডেমির প্রজেক্ট ম্যানেজার মিস জিমি আমিরা এসময় উপস্থিত ছিলেন এআইইউবি ট্রাস্টি বোর্ডের সদস্য ও সাবেক ভাইস চ্যান্সেলর ড. কারমেন জিটা লামাগনা, এআইইউবি'র ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. সাইফুল ইসলাম, প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. আব্দুর রহমান, ফ্যাকাল্টি অব আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস (এফএএসএস) -এর ডিন প্রফেসর ড. তাজুল ইসলাম, এমএমসি বিভাগের উপদেষ্টা ড. এ. জে. এম. শফিউল আলম ভ, হাইয়া, রেজিস্ট্রার, প্রেস্টের, শিক্ষক, কর্মকর্তা এবং বিভিন্ন প্রতিষ্ঠানের গণমাধ্যম পেশাজীবীরা।

অনুষ্ঠানে সমাপনী বক্তব্য প্রদান করেন এমএমসি বিভাগের বিভাগীয় প্রধান মিস রানী এলেন ভি. রামোস। দুই দিনব্যাপী এই কনফারেন্সে মূল প্রবন্ধ উপস্থাপন, প্যানেল আলোচনা এবং একাডেমিক পেপার সেশন অনুষ্ঠিত হয়।

গত ২৪ অক্টোবর ২০২৫, শুক্রবার কনফারেন্সের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঙ্গুরী কমিশনের (ইউজিসি) মাননীয় চেয়ারম্যান অধ্যাপক ড. এস. এম. এ. ফয়েজ।